তারিখ 08 OCT 2016
পৃষ্ঠা ১৬ কলাম ১

সংবাদ

# মেডিকেলে ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে হয়েছে

নিজস্ব বার্তা পরিবেশক

সুষ্ঠুভাবেই সম্পন্ন হয়েছে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের মেডিকেল কলেজে (এমবিবিএস) ভর্তি পরীক্ষা। গতকাল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ঢাকাসহ সারাদেশের ১৮টি সরকারি মেডিকেল কলেজ কেন্দ্রের ৩৭টি ভেন্যুতে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টায় পরীক্ষা শুরু হলেও পরীক্ষার্থী ও অভিভাবকরা প্রায় দেড় ঘণ্টা আগেই কেন্দ্রে উপস্থিত ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ৪



গতকাল মেডিকেলের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় –সংবাদ

## ভর্তি : পরীক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

হন। এ বছর এমবিবিএসের জন্য আসন সংখ্যা সরকারি কলেজে তিন হাজার ২১২ ও বেসরকারি কলেজে ছয় হাজার ২০৫। পরীক্ষার্থী সংখ্যা ৯০ হাজার ৪২৬ জন।

এদিকে সকাল সাড়ে ১০টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনে এক পরীক্ষা কেন্দ্র পরিদর্শনে যান স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। তবে তিনি পরীক্ষা কেন্দ্রের ভেতরে প্রবেশ করেননি।

এ বিষয়ে মোহাম্মদ নাসিম বলেন, 'অতীতেও আমি কেন্দ্রের ভিতরে প্রবেশ করিনি। কারণ ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মনযোগ এবং সময় নষ্ট হবে। তাদের পরীক্ষার সময় প্রতিটি সেকেন্ডই গুরুত্বপূর্ণ।

চিকিৎসা শিক্ষায় মানের সঙ্গে কোন আপস করা হবে না জানিয়ে মোহাম্মদ নাসিম বলেন, এই ভর্তি পরীক্ষায় মেধার দিক থেকে যারা এগিয়ে থাকবে তারাই ভর্তির সুযোগ পাবে। নিশ্ছিদ্র নিরাপত্তায় শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করেছে। ভর্তিচ্ছুদের আমি শুভেচ্ছা জানাই। তারা যেন যোগ্যতার প্রমাণ দিয়ে মেডিকেলে ভর্তি হয়ে একজন ভালো চিকিৎসক হওয়ার মাধ্যমে মা-বাবার স্বপ্নপূরণ করতে পারে।

পরে মন্ত্রী কেন্দ্রের বাইরে অপেক্ষমাণ অভিভাবকদের সঙ্গে সার্বিক বিষয়ে খোঁজ-খবর নেন।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. মো. আবদুর রশীদ জানান, সারাদেশে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে এমবিবিএস ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোন ধরনের অপ্রীতিকর ঘটনার খবর তারা পাননি।

প্রসঙ্গত, গত কয়েক বছর ধরে মেডিকেলে ভর্তি পরীক্ষায় প্রশ্নফাঁসের গুজব কিংবা পরীক্ষার পূর্বে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে প্রশ্নফাঁস চক্র গ্রেফতারের ঘটনা থাকলেও এবার পরীক্ষা পূর্ব ও পরীক্ষাকালীন ওই ধরনের কোন ঘটনার খবর পাওয়া যায়নি।